

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৭৫৮.০১৭.২৭.০০১.১৫. ৩ ৪৫

তারিখ : ০৯ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
২৪ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : রীট পিটিশন নং-১০০৪৩/২০১৫ এর আদেশের বিরুদ্ধে লিড টু আপীল দায়ের এর তথ্য প্রেরণ।

সূত্র : মোঃ মনিরুল ইসলাম সেন্টু, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ এর আবেদন,
তারিখ : ০৪.০৩.২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মনিরুল ইসলাম সেন্টু, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কুতুবপুর ইউনিয়ন পরিষদ, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ কর্তৃক স্থানীয় সরকার বিভাগের ২৬.০৮.২০১৫ তারিখের ৪৬.০০.৬৭৫৮.০১৭.২৭.০০১.১৫.৯০০ নং স্মারকে জারীকৃত সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১০০৪৩/২০১৫ দায়ের করেন। উক্ত রীট পিটিশনের উপর শুনানীঅন্তে গত ২৬ অক্টোবর, ২০১৫ তারিখে স্থানীয় সরকার বিভাগের আদেশটি ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়। এক্ষেপে গত ১৬ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে উক্ত স্থগিতাদেশের মেয়াদ আরও ০১(এক) বৎসর বৃদ্ধি করে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়েছেঃ

"Let the order of stay granted earlier by this court be extended for a further period of 01 (one) year from the date."

০২. এমতাবস্থায়, জনাব মোঃ মনিরুল ইসলাম সেন্টু, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কুতুবপুর ইউনিয়ন পরিষদ, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ কর্তৃক স্থানীয় সরকার বিভাগের ২৬.০৮.২০১৫ তারিখের ৪৬.০০.৬৭৫৮.০১৭.২৭.০০১.১৫.৯০০ নং স্মারকে জারীকৃত সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১০০৪৩/২০১৫ এর বিরুদ্ধে সরকার পক্ষে লিড টু আপীল দায়ের করা হয়েছে কিনা তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : মহামান্য হাইকোর্ট বিভাগের

সার্টিফাইড কপি-০২(দুই) পাতা।



(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

উপসচিব (আইন অধিশাখা)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।